



বিশ্ব এড্‌স্‌ দিবসে ন-পাড়া বিবেকানন্দ সোশ্যাল ওয়েলফেয়ার সোসাইটি একটি পদযাত্রা বের করে শনিবার। এই পদযাত্রার উদ্দেশ্য মানুষকে সচেতন করা। সিঁথির মোড় সার্কাস ময়দান থেকে শুরু করে শ্যামবাজার পাঁচমাথার মোড় পর্যন্ত এই পদযাত্রা হয়। এই পদযাত্রায় অংশগ্রহণ করেন বরাহনগর পুরসভার চেয়ারম্যান অপর্ণা মৌলিক, ভাইস চেয়ারম্যান রামকৃষ্ণ পাল, বরাহনগর রামকৃষ্ণ মিশন স্কুলের প্রধান কল্যাণেশ্বর মহারাজ, বরাহনগর পুরসভার ১৭ নং ওয়ার্ডের কাউন্সিলর অঞ্জন পাল, বরাহনগর পুরসভার কাউন্সিলর তথা সিআইসি-এর সদস্য দিলীপ নারায়ণ বসু, ন-পাড়া বিবেকানন্দ সোশ্যাল ওয়েলফেয়ার সোসাইটি-র সম্পাদক রাজু সোম, সাধারণ সম্পাদক সংগ্রাম বিশ্বাস, সহ সভাপতি মলিনা ভট্টাচার্য, ন-পাড়া মিত্র সংঘের সম্পাদক কিরণময় দাস। ভৈরব গাঙ্গুলি কলেজ ও হীরালাল মেমোরিয়াল গার্লস কলেজের ছাত্র-ছাত্রীরা এই পদযাত্রায় অংশগ্রহণ করে।

—নিজস্ব চিত্র

প্রয়াগ

মঙ্গলবার, ৪ ডিসেম্বর ২০১২

১১